মাঠে - ময়দানে

ব্রাজিল সিরি এ'র ম্যাচে ফিলিপিন্সকে ২-১ গোলে হারাল বোটাফোগো।

ব্রাজিল সিরি এ'র ম্যাচে ২-২ গোলে ড্র করল কেরেরা এসসি ও আমেরিকা মেনেইরো।

ঘরের মাঠে মুম্বইয়ের প্রতিপক্ষ পাঞ্জাব, প্লে-অফে ওঠাই একমাত্র লক্ষ্য দু' দলের

ক্ষোভ অধিনায়ক অশ্বিনের, দায় চাপালেন ক্রিকেটারদের উপর

মুম্বই, ১৫ মে: আজ একাদশতম আইপিএলের হাইভোল্টেজ ম্যাচে মুখোমুখি হচ্ছে মুম্বই ইন্ডিয়ান্স ও কিংস ইলেভেন পাঞ্জাব। ১২ ম্যাচে পাঞ্জাবের সংগ্রহ ১২ পয়েন্ট সেখানে সমসংখ্যক ম্যাচ খেলে মুম্বই ইন্ডিয়ান্সের সংগ্রহ ১০ পয়েন্ট। তবে পয়েন্টের বিচারে মুম্বই পিছিয়ে থাকলেও রান রেটের বিচারে তারা অনেকটাই এগিয়ে। মুম্বই ইন্ডিয়ান্সের রানরেট যেখানে ০.৪০৫ সেখানে পাঞ্জাবের রানরেট -০. ৫১৮। তাই এই ম্যাচে মুম্বই জিতলে তারা যেমন প্লে অফের লড়াইতে টিকে থাকবে তেমনি প্লে-অফের লড়াইতে টিকে থাকার জন্য পাঞ্জাবকেও এই ম্যাচটাতে জিততে হবে। কিংস ইলেভেন পাঞ্জাব এবারের আইপিএলে তাদের শুরুটা ভাল করলেও শেষদিকে এসে পরপর ম্যাচ হেরে অনেকটাই ব্যাকফুটে চলে গেছে। শেষ তিনটি ম্যাচে তারা হেরেছে রাজস্থান রয়্যালস, কলকাতা নাইট রাইডার্স ও রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর বিরুদ্ধে। বিশেষ করে শেষ ম্যাচে আরসিবির বিরুদ্ধে ১০ উইকেটে হেরে আরও চাপে রয়েছে তারা। অন্যদিকে মুম্বই ইন্ডিয়ান্স কলকাতা নাইট রাইডার্সের বিরুদ্ধে ১০২ রানে জয়ের পর রাজস্থান রয়্যালসের বিরুদ্ধে ৭ উইকেটে হারতে হয়েছে তাদের। তাই দুই দলের কাছেই ম্যাচটা বেশ কঠিন হতে চলেছে। এবারের আইপিএলের প্রথম সাক্ষাৎকারে কিংস ইলেভেন পাঞ্জাবের ঘরের মাঠে ৬ উইকেটে জয় পেয়েছিল মুম্বই ইন্ডিয়ান্স। তাই ঘরের মাঠেও তাদেরকে হারাতে মরিয়া রোহিত শর্মার দল। জয়ের জন্য মুম্বইয়ের প্রধান ভরসা হতে চলেছে সূর্যকুমার যাদব, রোহিত শর্মা, ইশান কৃষান, হার্দিক পান্ডিয়া, ক্রুনাল পান্ডিয়া, যশপ্রীত বুমরাহ প্রমুখ। অন্যদিকে কিংস ইলেভেন পাঞ্জাবের ব্যাটিং ও বোলিং শেষ কয়েকটি ম্যাচে সেভাবে কার্যকরী হয়ে ওঠেনি। ব্যাটিংয়ের মধ্যে ক্রিশ গেইল ও লোকেশ রাহুল ছাড়া কেউই সেভাবে ভাল খেলতে পারছে না। বোলারদের মধ্যেও শুধু অ্যান্ড্রু টাই ধারাবাহিকভাবে ভাল পারফরম্যান্স করছে। তাই অ্যাওয়ে ম্যাচে মুম্বই ইন্ডিয়ান্সেব বিরুদ্ধে দলের ব্যাটিং ও বোলিং সমস্যা দূর করতে কঠিন পরীক্ষার সম্মুখীন হতে হবে পাঞ্জাবকে।

অন্যদিকে, বেঙ্গালুরু ম্যাচ নিয়ে প্রচন্ড ক্ষোভ প্রকাশ করেছেন অধিনায়ক রবিচন্দ্রন অশ্বিন। বেঙ্গালুরু ও কিংস দুজনেরই জয় প্রয়োজন ছিল। ম্যাচ শেষে তাঁর বক্তব্য, সত্যিই হতাশাজনক। আমাদের তরফ থেকে কোনও পেশাদার চেষ্টাই ছিল না। এটাই আমাদের পরাজয়ের কারণ। আমাদের ব্যাটিং যথেষ্টই খারাপ ছিল। বোলাররা এতদিন সঠিকভাবে কাজ করে এসেছে এবং আমাদের জন্য পয়েন্ট তুলেছে। ব্যাটসম্যানদের কিছু না করার চেয়ে আরও সংঘর্ষ করা উচিত। এবার আমাদের আগে এগোনোর প্রয়োজন রয়েছে। আমাদের নিজেদের উপর বিশ্বাস রেখে এগোতে হবে। এটা খুবই সহজ। এখনও পর্যন্ত টুর্নামেন্টে ৩ বা ৪ নম্বরে নেমে আমরা কখনই ২০ ওভার খেলতে পারি নি। এটাই আমরা অ্যাচিভ করতে চাই, কিন্তু আমাদের চাকাটা সঠিক সময়ে ঘোরা বন্ধ হয়েছে। আমরা বড় ব্যবধানে হেরেছি যা আমাদের নেট রানরেটকে কম করে দিয়েছে। আমাদের মুম্বই গিয়ে ওদের হারানোর প্রয়োজন রয়েছে। তারপর আমাদের পুণেতে গিয়ে চেন্নাইয়ের সঙ্গে খেলতে হবে। দলের বেশিরভাগ প্লেয়াররাই বহুদিন ধরে খেলছে, এবার তাদের অভিজ্ঞতা দেখানোর সময় এসেছে। আমাদের ভালই বোলিং অ্যাটাক রয়েছে, এটা আমাদের জন্য কাজ করছে। এবার বিদেশি প্লেয়ারদের এগিয়ে এসে খেলতে হবে।

বিদেশিদের মধ্যে প্রথম দিকে ব্যাটে রান পেলেও এখন পুরোপুরি ব্যর্থ হচ্ছে ক্রিস গেইল। অন্যদিকে, অ্যারন ফিঞ্চ প্রথম থেকেই ব্যর্থ। অ্যান্ড্রু ট্রাই বল ও ব্যাট হাতে যথেষ্ট ভরসা জোগাচ্ছে। রসিদ খানের মতো আর এক আফগান বোলার মুজিব উর রহমানও বল হাতে ভরসা জোগাচ্ছে কিংসকে।

এই বিদেশি প্লেয়ার নির্বাচনে ক্ষোভ প্রকাশ করেছেন ডেল স্টেইন। তিনি বলেছেন, তারকা বিদেশি প্লেয়ার থাকতেও একটি ম্যাচ না খেলিয়ে কেন তাকে বসিয়ে রাখা হয়েছে রিজার্ভ বেঞ্চে। একটা সময় নিশ্চিত ছিল কিংসের প্লে-অফে যাওয়া। কিন্তু লাগাতার তিনটি ম্যাচ হেরে এখন তারা পঞ্চম স্থানে। দক্ষিণ আফ্রিকান পেসার ট্যুইটারে জানিয়েছেন, ডেভিড মিলার কেন দলে জায়গা পাচ্ছেন না। এখনও পর্যন্ত দুটি ম্যাচ খেলে ৫০ রান করেছেন মিলার। দিল্লির বিরুদ্ধে শেষ ম্যাচে ২৬ রান করেছেন তিনি। ফিঞ্চ সংক্ষিপ্ত ইনিংস খেললেও ১০০ রান এখনও করতে পারে নি। পরের ম্যাচে মিলারকে ব্যাট হাতে দেখা যাবে কি না সেটা পুরোপুরি অধিনায়ক রবিচন্দ্রন অশ্বিনের উপর নির্ভর করছে। এখন দেখার, ঘরের মাঠে মুম্বই ইন্ডিয়ান্স, না অ্যাওয়ে ম্যাচে কিংস ইলেভেন পাঞ্জাব কোন দল জয় পেয়ে একাদশ আইপিএলে প্লে-অফে ওঠার আশা জিইয়ে রাখতে পারে।

টাকার সমস্যার জন্য আপাতত স্থগিত ইস্টবেঙ্গলে কোচ নির্বাচন

স্টাফ রিপোর্টার: নতুন মরশুমের শুরুতেই আর্থিক সমস্যায় ইস্টবেঙ্গল। ফলে টিডি সুভাষ ভৌমিককে নিয়োগ করা হলেও, আপাতত কোচ নিয়োগ স্থগিত লাল-হলুদ শিবিরে। স্পনসর ইউবি গ্রুপের কর্তাদের সঙ্গে ইস্টবেঙ্গল কর্তাদের বৈঠকে আর্থিক সমস্যা মেটেনি। বরং ইউবি কর্তাদের সঙ্গে কিছুটা হলেও দূরত্ব বেড়েছে লাল-হলুদ কর্তাদের। শক্তিশালী দল গড়তে ইউ বি গ্রুপের কর্তাদের কাছে ইস্টবেঙ্গল কর্তাদের দাবি ছিল সাড়ে সাত কোটি টাকা। সেখানে ইউ বি গ্রুপ নতুন মরশুমের জন্য বরাদ্দ করেছে মাত্র দেড় কোটি টাকা। বাকি টাকাটা জোগাড় হয়েছিল কো-স্পনসরদের কাছ থেকে। গত মরশুমে দল গড়তে ইউ বি গ্রুপ দিয়েছিল সাড়ে তিন কোটি টাকা। এবার সেখানে মাত্র দেড় কোটি টাকা। তাই এবার টাকা কমিয়ে দিতেই মাথায় হাত লাল-হলুদ কর্তাদের। তবু ইস্টবেঙ্গল কর্তারা তাকিয়ে রয়েছেন পরবর্তী সভার দিকে। বেঙ্গালুরুতে ইউ বি গ্রুপের পরের সভাতেও যে সমস্যা মিটবে তা কিন্তু বলা যাচ্ছে না। আসলে ইউ বি কর্তাদের বক্তব্য হল, আইজল এফসি, মিনার্ভা এফসি কম টাকায় দল গড়ে সাফল্য পেলে ইস্টবেঙ্গল পারবে না কেন? ইস্টবেঙ্গল যত দিন না আইএসএলে খেলছে, ততদিন ইউ বি কর্তারা বাজেট বাড়ানোর প্রয়োজন আছে বলে মনে করছেন না শুধু আই লিগ খেলার। আর এই মনোভাব পছন্দ নয় লাল-হলুদ কর্তাদের। বরং তারা জোর দিচ্ছেন দেড় কোটি টাকা নয়, কমপক্ষে গতবারের বরাদ্দ টাকাটা পাওয়ার জন্য। শেষপর্যন্ত টাকার অঙ্ক না বাড়ালে ইউ বি গ্রুপের সঙ্গে বিচ্ছেদ ঘটতে পারে ইস্টবেঙ্গলের। তবে বিচ্ছেদ কার্যকরী করতে কিছুটা হলেও সময় লাগবে। ইউ বি গ্রুপের সঙ্গে বিচ্ছেদ ঘটলেই লাল-হলুদ কর্তারা নতুন টাইটেল স্পনসরের খোঁজ করবেন। নতুন টাইটেল স্পনসর হিসাবে সবার আগে রয়েছে ওএনজিসি। তবে টাকার সমস্যা না মিটলে আপাতত কোচ নিয়োগ করা হচ্ছে না। বরং নতুন কোচ নিয়োগ না হওয়া পর্যন্ত পুরো ব্যাপারটা দেখভাল করার দায়িত্ব দেওয়া হয়েছে টিডি সুভাষ ভৌমিকের উপর। ফলে কোচ হিসাবে বাস্তব রায়ের সঙ্গে কথা হলেও এখন তা চূড়ান্ত হচ্ছে। বাস্তবকে কোচ হতে হলে অপেক্ষা করতে হবে সেপ্টেম্বর মাস পর্যন্ত। এখন দেখার, আর্থিক সমস্যা কাটিয়ে শেষপর্যন্ত কবে ইস্টবেঙ্গলে কোচ নিয়োগ হয়।

কেকেআরের বিরুদ্ধে বিধ্বংসী মেজাজে রাজস্থানের দুই ওপেনার রাহুল ত্রিপাঠী এবং জস বাটলার।

চোট নিয়েই দলে ফিরলেন নেইমার, বাদ দানি আলভেজ

মারাকানা, ১৫ মে: বিশ্বকাপ শুরু হতে আর বেশিদিন বাকি নেই, জোরকদমে প্রস্তুতি শুরু করেছে সব দলই।

ক্লাব ফুটবলের মরশুম পুরোপুরি শেষ না হলেও রাশিয়া বিশ্বকাপ নিয়ে জোর জল্পনা শুরু হয়ে গিয়েছে ফুটবলমহলে। শুরু হয়েছে প্রাথমিক দল ঘোষণাও। এরই মধ্যে কার্যত চমকহীনভাবে বিশ্বকাপের চূড়ান্ত দল ঘোষণা করলেন ব্রাজিলের কোচ টিটে। ব্রাজিল সমর্থকদের চিন্তা দূর করে দলে নাম রয়েছে অধিনায়ক নেইমারের।

চোটের জন্য মার্চ মাস থেকেই মাঠের বাইরে ছিলেন ব্রাজিলের অধিনায়ক। প্যারিস সাঁ জাঁ'র হয়ে শেষদিকে বেশ কয়েকটি ম্যাচ খেলতেও পারেননি নেইমার। বিশ্বকাপের আগে তিনি পুরোপুরি ফিট হয়ে উঠতে পারবেন কি না তা নিয়ে রীতিমতো উদ্বেগে ছিলেন ব্রাজিল সমর্থকেরা। যদিও কয়েকদিন আগেই ব্রাজিল শিবির থেকে ইঙ্গিত দেওয়া হয়েছিল যথাসময়ে সুস্থ হয়ে উঠবে ব্রাজিলিয় তারকা ফুটবলার। আশা করা যাচ্ছে, আগামী ৩ জুন ক্রোয়েশিয়ার বিরুদ্ধে প্রীতি ম্যাচেও গা ঘামাতে দেখা যেতে পারে ব্রাজিল অধিনায়ককে। স্বাভাবিকভাবেই চোট সত্ত্বেও বিশ্ব ফুটবলের অন্যতম সেরা তারকাকে নিয়েই দল সাজাতে চাইছেন কোচ টিটে। দল ঘোষণার সময়ই তাঁর গলায় ভূয়সী প্রশংসা শোনা গেল দলের অধিনায়কের। তিনি বললেন, নেইমারের উপস্থিতি ব্রাজিলকে অনেক শক্তিশালী করে। তবে নেইমারকে সাহায্য করার জন্য দলের অন্য তারকাদেরও এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন তিনি। নেইমার সুযোগ পেলেও চোটের জন্য বিশ্বকাপ থেকে ছিটকে গেলেন আরেক তারকা দানি আলভেজ। তাঁর পরিবর্তে দলে নেওয়া হয়েছে করিন্থাসের ফ্যাগনারকে। আগামী ১৭ জুন সুইজারল্যান্ডের বিরুদ্ধে বিশ্বকাপ অভিযান শুরু করছে ব্রাজিল। ২৩ জন সদস্যের নাম উল্লেখ করা হয়েছে ব্রাজিল দলের জন্য।

গোলকিপার : অ্যালিসন (রোমা), এডেরসন (ম্যাঞ্চেস্টার সিটি), কাসিও (করিন্থাস)

ডিফেন্ডার : দানিলো (ম্যাঞ্চেস্টার সিটি), ফ্যাগনর (করিন্থাস), মার্সেলো (রিয়াল মাদ্রিদ), ফিলিপে লুইস (অ্যাটলেটিকো মাদ্রিদ), থিয়াগো সিলভা (প্যারিস সাঁ জাঁ), মারকুইনহস (প্যারিস সাঁ জাঁ), মিরান্ডা (ইন্টার), পেড্রো জেরমাইল (জেরমিয়ো)

মিডফিল্ডার : কাসিমিয়েরো (রিয়াল মাদ্রিদ), ফার্নিন্দিনহো (ম্যাঞ্চেস্টার সিটি), পাউলিনহো (বার্সেলোনা), ফ্রেড (শাখটার), রেনেতো আগুস্তো (বেজিং গোয়ান), ফিলিপে কোতিনহো (বার্সেলোনা), উইলিয়ান (চেলসি), ডগলাস কোস্তা (জুভেন্তাস)

ফরোয়ার্ড: নেইমার (প্যারিস সাঁ জাঁ), টাইসন (শাখটার), গ্যাব্রিয়েল জেসাস (ম্যাঞ্চেস্টার সিটি), রবার্তো ফিরমিনো (লিভারপুল)।

সচিবের সঙ্গে কথা বলে খুশি ফুটবলাররা

স্টাফ রিপোর্টর : ১৪ জন কার্যকরী কমিটির সদস্য পদত্যাগ করায় মোহনবাগানে চলছে অচলাবস্থা। ফুটবল সচিব সত্যজিৎ রায় পদত্যাগ করায় তাঁর পরিবর্তে মোহনবাগানে নতুন ফুটবল সচিব হয়েছেন স্বপন বন্দ্যোপাধ্যায়। ফুটবল সচিবের দায়িত্ব পেয়েই কাজ শুরু করে দিয়েছেন তিনি। মঙ্গলবার দুপুরে বাগানের ফুটবল সচিব ফুটবলার এবং কোচদের নিয়ে আলোচনায় বসেছিলেন। নতুন মরসুমের অনুশীলন কবে থেকে শুরু হবে তা নিয়ে আলোচনার পাশাপাশি ফুটবলারদের বকেয়া টাকা মেটানোরও প্রতিশ্রুতি দেওয়া হয়।

ফুটবলারদের সঙ্গে আলোচনার পাশাপাশি ছিল ভুরিভোজেরও আয়োজন। সব মিলিয়ে নতুন ফুটবল সচিবের সঙ্গে আলোচনায় বসে ফুটবলাররা খুশি।

দেশের হয়ে কোচিং করানোই লক্ষ্য পন্টিংয়ের

নয়াদিল্লি, ১৫ মে: অস্ট্রেলিয়ার অধিনায়ক হিসাবে সফল রিকি পন্টিং। এবার কোচ হিসাবে দেশকে সাফল্য এনে দেওয়াই লক্ষ্য তাঁর। তবে আপাতত তিনি আইপিএলে কোচিং করানোর পাশাপাশি ব্যস্ত ধারাভাষ্যকার হিসাবে। বাইশ গজে তাঁকে শেষবার দেখা গিয়েছিল ঠিক পাঁচবছর আগে। অস্ট্রেলিয়ার অধিনায়ক হিসাবে অবসর নিয়েছেন রিকি পন্টিং। ব্যাট হাতে তাকে দেখা না গেলেও তাঁকে দেখা গিয়েছে আইপিএলের কোচিং করাতে। আইপিএলের কোচিং করানোর পাশাপাশি অস্ট্রেলিয়ার সহকারী কোচ হিসাবেও দায়িত্ব পালন করছেন পন্টিং। ব্যাট হাতে দাপট দেখানোর পর আইপিএলের কোচের ভূমিকাতেও সফল প্রাক্তন অজি অধিনায়ক। তবে এবার তাকে দেখা যাবে ধারাভাষ্যকার হিসাবে। চ্যানেল সেভেনের হয়ে পন্টিং ধারাভাষ্য দেবেন অস্ট্রেলিয়া টেস্ট ম্যাচ এবং কেএফসি বিগ ব্যাশ লিগ ম্যাচে। আগামী ছয় মরশুম ধরে চ্যানেল সেভেনে ক্রিকেট ম্যাচগুলি সম্প্রচার করা হবে। পন্টিং ধারাভাষ্য দেওয়ার জন্য ইতিমধ্যে চুক্তিপত্রে সই করে দিয়েছেন। নতুন চুক্তিপত্রে সই করলেও কোচিং করানোর ইচ্ছেটা চলে যায়নি অজি প্রাক্তন অধিনায়কের। বরং তিনি আশাবাদী চ্যানেল সেভেনের সঙ্গে চুক্তি হলেও কোচিং করানোর সুযোগ বেশি পাওয়ার ব্যাপারে। আসলে ক্রিকেট ছাড়া অন্য কিছু ভাবতে রাজি নন পন্টিং। বেশ কয়েকজন ভাল ধারাভাষ্যকারের সঙ্গে ধারাভাষ্য দিলেও পন্টিংয়ের মন পড়ে থাকবে কোচিং করানোর দিকে। নিজে কোচিং করানোর পাশাপাশি অস্ট্রেলিয়া দলের জাস্টিন ল্যাঙ্গারের পরিবর্তে ড্যারেন লেম্যান নতুন কোচের দায়িত্ব পাওয়ায় খুশি পন্টিং। একসময় অস্ট্রেলিয়া দলে পন্টিংয়ের সতীর্থ ছিলেন লেম্যান। তাই লেম্যানের মতো আগামী দিনে কোচের দায়িত্ব পালন করতে চান পন্টিং। তাঁর মন ধারাভাষ্যকারে। এখন দেখার ধারাভাষ্য দেওয়ার পাশাপাশি পন্টিং ফের কোচের দায়িত্ব পালন করেন কি না।

খেলার ছাড়পত্র পেলেন ব্যানক্রফ্ট

সিডনি, ১৫ মে: বল বিকৃতি কাণ্ডে তিন ক্রিকেটারের মধ্যে স্টিভ স্মিথ এবং ডেভিড ওয়ার্নারকে ক্লাব ক্রিকেট খেলার অনুমতি কয়েকদিন আগেই দিয়েছিল সংশ্লিষ্ট ক্লাব কর্তৃপক্ষ। এবার নির্বাসিত অজি ওপেনার ক্যামেরন ব্যানক্রফ্টকেও ক্লাব ক্রিকেট খেলার ছাড়পত্র দিল পশ্চিম অস্ট্রেলিয়ার ১৬টি ক্রিকেট ক্লাব। গত মাসেই অজি-প্রোটিয়া সিরিজের কেপ টাউনে বল বিকৃতির ঘটনা নিয়ে তোলপাড় হয়েছিল ক্রিকেট বিশ্ব। ঘটনায় জড়িত থাকার দায়ে তৎকালিন অজি অধিনায়ক, সহ-অধিনায়ক সহ ব্যানক্রফ্টকেও নির্বাসনে পাঠানো হয়েছিল। সঙ্গে অস্ট্রেলিয়ার প্রধান কোচের পদ থেকে ইস্তফা দিয়েছিলেন অজি কোচ ড্যারেন লেম্যান। ১০ মে স্মিথ ও ওয়ার্নারকে ক্লাব ক্রিকেটে ফেরার ছাড়পত্র দিলেও ওপেনার ক্যামেরন ব্যানক্রফ্টকে বাইশ গজে ফেরার সবুজ সংকেত দেয়নি সংশ্লিষ্ট ক্লাব কর্তৃপক্ষ। ব্যানক্রফ্টের ক্লাব উইললেটন এবং পশ্চিম অস্ট্রেলিয়ার আরও ১৫টি ক্লাবের একটি মিটিংয়ে অজি ওপেনারের ক্লাব ক্রিকেটের ভবিষ্যৎ নির্ধারণ হয়েছে। যেখানে ভোটাভুটিতে ১৪টি ক্লাবের সমর্থন পেয়ে ক্লাব ক্রিকেটে ফেরার রাস্তা পরিষ্কার হল অজি ওপেনারের।

কোচের দায়িত্ব পেলেন মানচিনি

ইতালি, ১৫ মে: অবশেষে সব অপেক্ষার অবসান। ইতালির নতুন কোচ হলেন রবার্তো মানচিনি। তিনি ছিলেন ম্যাঞ্চেস্টার সিটির প্রাক্তন কোচ। ৫৩ বছর বয়সী এই কোচের সঙ্গে ২ বছরের চুক্তি স্বাক্ষর করেছে ইতালি। গত বছর বিশ্বকাপের বাছাই পর্বে সুইডেনের সঙ্গে ড্র করে মূলপর্বে উঠতে ব্যর্থ হয় ইতালি। এরপরই ইতালির কোচের পদ থেকে বরখাস্ত হন হুয়ান পিয়েরো ভেঞ্চুরা। এরপর থেকেই কোচের পদটি খালি পড়ে ছিল। আর প্রথমবারের মতো কোনও জাতীয় দলের কোচ হলেন মানচিনি। সর্বশেষ রাশিয়ান ক্লাব জেনিত সেইন্ট পিটার্সবার্গের কোচ ছিলেন তিনি। সেই ক্লাবটির সঙ্গে পারস্পরিক সমঝোতায় পৌঁছে নতু দায়িত্ব নিয়েছেন মানচিনি। ২০১২ সালে ম্যাঞ্চেস্টার সিটিকে ৪৪ বছর পর লিগ শিরোপা জিতিয়ে পরের বছরই ক্লাবটির দায়িত্ব থেকে সরে দাঁড়ান এই ইতালির কোচ। ২০১৩ সালে এতিহাদ স্টেডিয়াম ছাড়ার পর মানচিনি গালাতাসারের দায়িত্ব নেন। এরপর ২০১৭'র জুনে সেইন্ট পিটার্সবার্গের দায়িত্ব নেওয়ার আগে ইন্টার মিলানের দায়িত্বে ছিলেন তিনি। ইতালির জার্সিতে ১৯৮৪ থেকে ১৯৯৪ পর্যন্ত ১০ বছরে ৩৬ টি ম্যাচ খেলেন মানচিনি। ৩৬ ম্যাচে তাঁর গোলসংখ্যা ৪ টি।

আজ এএফসি কাপের ম্যাচ খেলতে নামছে বেঙ্গালুরু

ঢাকা, ১৫ মে: প্রথমবার আইএসএলে খেলতে নেমেই রানার্স খেতাব অর্জন করেছে বেঙ্গালুরু এফসি। আর আই লিগের চারবারের মধ্যে দু'বার চ্যাম্পিয়ন হওয়ার কৃতিত্ব রয়েছে তাদের। এমনকী, দু'বার ফেডারেশন কাপ জয়েরও রেকর্ড রয়েছে এই বেঙ্গালুরু এফসি'র। আইএসএল ও আই লিগে সাফল্য পাওয়ার পর এবার সুপার কাপে দুই প্রধানকে বড় ব্যবধানে হারিয়ে চ্যাম্পিয়ন খেতাব অর্জন করেছে এই দলটি। এবার লক্ষ্য এএফসি কাপ।

আজ বাংলাদেশের মাটিতে এএফসি কাপের ম্যাচে বেঙ্গালুরু এফসি'র প্রতিপক্ষ আবহনী ক্রীড়াচক্র। ঘরের মাঠে আবহনীর বিরুদ্ধে জয়ে পাওয়ার পর এবার অ্যাওয়ে ম্যাচে পুরো পয়েন্ট সংগ্রহ করাই লক্ষ্য বেঙ্গালুরু কোচ রোকার। অ্যাওয়ে ম্যাচ হলেও শুরু থেকেই আক্রমণে ঝড় তুলে গোল তুলে আনাই লক্ষ্য বেঙ্গালুরু কোচের। আসলে তাঁকে আত্মবিশ্বাসী করে তুলেছে দলের পারফরম্যান্স। বিশেষ করে বিদেশি ফুটবলার মিকুর পাশাপাশি ভারত অধিনায়ক সুনীল ছেত্রী।

সুপার কাপে এই দুই ফুটবলারের কাঁধে ভর করে ইস্টবেঙ্গল ও মোহনবাগানের বিরুদ্ধে বাজিমাত করেছিলেন রোকা। এবারও এপার বাংলার মাটিতে আবহনীর বিরুদ্ধে জয়ের জন্য রোকার ভরসা মিকু এবং সুনীল। এখন দেখার ঘরের মাঠে জয়ের পর ওপার বাংলার মাটিতেও বেঙ্গালুরু আবহনীকে হারিয়ে এএফসি কাপের নক-আউট পর্বে খেলার আশা জিইয়ে রাখতে পারে কি না।

প্রকাশকএবংমুদ্রকটিদুর্গা রাও, স্বত্ত্বাধিকারী : আশিষলাহা, ৯৭/২, এমজি রোড, মিডিলপয়েন্ট, পোর্ট ব্লেয়ার-৭৪৪ ১০১ থেকেপ্রকাশিতএবংইকো প্রিন্টিং প্রেস, ডলিগঞ্জ, পোর্ট ব্লেয়ার-৭৪৪ ১০৩ থেকেমুদ্রিত, সম্পাদক : আশিস্‌লাহা*(পিআরবিআইনঅনুযায়ীপ্রকাশিতসমস্তসংবাদেরজন্যদায়বদ্ধ)।
Printed and published by T Durga Rao, owned by Asish Laha and published from 97/2, M. G. Road, Middle Point, Port Blair-744 101 & printed at Echo Printing Press, Dollygunj, Port Blair-744 103. Editor : Asish Laha*(*responsible for selection of news under the PRB Act).